

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৬৮. সীমালজ্ঘনকারীর অন্যায় আচরণ

إِلَى الدَّيَّانِ يَوْم الحَسْرِ نَمْضِي * وَعِنْدَ اللَّهِ تُجْتَمَعُ الْخَصُومُ

"হাশরের দিন আমরা মহা বিচারকের নিকট চলে যাব, আর সকল বিবাদীকে আল্লাহর সামনে হাজির করা হবে।" ঈমানদারের পক্ষে ন্যায় বিচারের জন্য এটাই যথেষ্ট যে, সে সেদিন (বিচারের জন্য) অপেক্ষা করতে থাকবে যেদিন নাকি (স্বয়ং) আল্লাহ প্রথম ও শেষ সৃষ্টিকে (অর্থাৎ সকল সৃষ্টিকে) একত্রিত করবেন। সে দিন স্বয়ং আল্লাহ বিচারক হবেন আর সাক্ষী হবেন ফেরেশতারা।

"এবং আমি কিয়ামতের দিন ন্যায় বিচারের দাঁড়িপাল্লা স্থাপন করব, অতএব কারো প্রতি জুলুম করা হবে না এবং সরিষা দানা পরিমাণ (ওজনের আমলও) যদি থাকে আমি তাও (দাঁড়িপাল্লায় ওজন দিতে) নিয়ে আসব।" (২১-সূরা আল আম্বিয়াঃ আয়াত-৪৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7677

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন